

# নাগরিক কর্তৃক অনলাইন ভূমি উন্নয়ন কর পরিশোধ পদ্ধতি (ধাপসমূহ)

## ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার (নাগরিক কর্নার)

### হোল্ডিং ট্র্যাকিং:

- প্রথমে ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইট [www.land.gov.bd](http://www.land.gov.bd)- এ যেতে হবে;
- এরপর উপরের ওয়েবসাইটে গিয়ে 'নাগরিক কর্নার' লিংক- এ ক্লিক করুন;
- এরপর 'অনলাইন ভূমি উন্নয়ন কর (হোল্ডিং ট্র্যাকিং)' এই বাটনে ক্লিক করুন;
- তারপরে একটি ফরম আসবে। সেখানে আপনি আপনার বিভাগ, জেলা, উপজেলা ও মৌজা নির্বাচন করুন;
- অতঃপর আপনার হোল্ডিং নম্বর [যে খতিয়ান, দাগ ও জমির ভূমি উন্নয়ন কর (খাজনা) আপনি পরিশোধ করতে চান] লিখে 'অনুসন্ধান করুন' বাটনে ক্লিক করুন;
- এরপরে আপনার কাঙ্ক্ষিত হোল্ডিং ও ভূমি উন্নয়ন করের তথ্য দেখা যাবে;
- তাছাড়া, 'বিস্তারিত বাটন'-এ ক্লিক করলে উক্ত হোল্ডিং- এর বিস্তারিত তথ্য আপনি দেখতে পাবেন।

### ধার্যকৃত ভূমি উন্নয়ন করের উপর আপত্তি দাখিল:

- প্রদর্শিত হোল্ডিং-এর উপর কোন আপত্তি থাকলে "আপত্তি দাখিল" বাটনে ক্লিক করুন;
- এরপর একটি ফরম পাওয়া যাবে। উক্ত ফরমটি পূরণ করুন। পূরণকৃত ফর্মের 'হ্যাঁ' বাটনে ক্লিক করুন এবং উহা দাখিল করুন;
- এভাবে ধার্যকৃত ভূমি উন্নয়ন করের উপর আপত্তি নিষ্পত্তি করা হবে।

### অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদান পদ্ধতি:

- অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদানের জন্য 'অনলাইন পেমেন্ট' বাটনে ক্লিক করুন;
- এরপর অনলাইন পেমেন্ট মাধ্যম (ই-চালান অথবা সোনালি পেমেন্ট যে কোন একটি) নির্বাচন করুন;
- তারপর পেমেন্ট মেথড (সোনালি ব্যাংক, কার্ড, মোবাইল ব্যাংকিং-এর যে কোন একটি) নির্বাচন করুন।

### কার্ডের মাধ্যমে ভূমি উন্নয়ন কর পরিশোধ করার পদ্ধতি:

- এরপর পাশে উল্লিখিত যে কোন একটি কার্ড নির্বাচন করুন। যথা- ডাচ বাংলা ব্যাংক নেক্সাস/মাষ্টার কার্ড/কিউ ক্যাশ/ভিসা/ফ্রেডিট কার্ড;
- নির্বাচিত কার্ডে আপনার নম্বর, আপনার নাম, কার্ড, Expire Date, Security code পূরণ করুন;
- এইসঙ্গে 'Pay Now' বাটনে ক্লিক করুন;
- এরপর আপনার উল্লিখিত ব্যাংক থেকে আপনার মোবাইলে একটি 'OTP' (One Time Password) কোড আসবে। উক্ত OTP কোড-এর নির্দিষ্ট যায়গায় প্রাপ্ত নম্বরটি লিখুন;
- এরপর 'Submit button'-এ ক্লিক করুন;
- এভাবে আপনার ভূমি উন্নয়ন কর Payment (পরিশোধ) করা সম্পন্ন হবে;
- অতঃপর Payment (পরিশোধ) সম্পন্ন হওয়ার সঙ্গে সঙ্গে 'অনলাইন দাখিলা' ব্রাউজারে প্রদর্শিত হবে;
- ভূমি উন্নয়ন কর পরিশোধ করা হয়েছে মর্মে প্রমানক হিসাবে আপনি ব্রাউজারে প্রদর্শিত 'অনলাইন দাখিলা' টি ডাউনলোড করে প্রিন্ট/সংরক্ষণ করুন;
- একই ভাবে অন্যান্য কার্ডের মাধ্যমে আপনি অনলাইনে ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে পারেন।

**মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে ভূমি উন্নয়ন কর পেমেন্ট করার পদ্ধতি:**

- আপনি যদি বিকাশের মাধ্যমে ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে চান তাহলে প্রথমে মোবাইল ব্যাংকিং 'bKash' নির্বাচন করুন। অতঃপর 'Pay with bKash' বাটন আসবে। এরপর যে মোবাইল নম্বর দিয়ে আপনি বিকাশ একাউন্ট করেছেন সেই bKash Numberটি শূন্যস্থানে লিখুন। অতঃপর 'CONFIRM' বাটনে ক্লিক করুন;
- এরপর উক্ত মোবাইলে একটি bKash verification code দেখা যাবে এবং উক্ত bKash verification code প্রদান করে 'CONFIRM' বাটনে ক্লিক করুন এবং আপনার bKash-এর 'Pin Code' প্রদান করুন;
- অতঃপর 'CONFIRM' বাটনে ক্লিক করুন;
- এভাবে bKash মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে পেমেন্ট সম্পন্ন হবে;
- অতঃপর পেমেন্ট সম্পন্ন হওয়ার সঙ্গে সঙ্গে আপনার 'অনলাইন দাখিলা' ব্রাউজারে উহা প্রদর্শিত হবে;
- ভূমি উন্নয়ন কর পরিশোধ করা হয়েছে মর্মে প্রমানক হিসাবে আপনি ব্রাউজারে প্রদর্শিত 'অনলাইন দাখিলা' টি ডাউনলোড করে প্রিন্ট/সংরক্ষণ করুন।

**bKash ব্যতিত অন্যান্য মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে ভূমি উন্নয়ন কর পেমেন্ট করার পদ্ধতি:**

- bKash ব্যতিত বিকাশ, রকেট, নগদ ইত্যাদি মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদান করা যাবে;
- এসব মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে ভূমি উন্নয়ন কর পরিশোধের পদ্ধতি প্রায় অনুরূপ;
- এছাড়াও, হোল্ডিং মালিকগণ Union Digital Centre (UDC)/কোন কম্পিউটারের দোকান/যে কোন কম্পিউটার/স্মার্ট ফোনের মাধ্যমে অনলাইনে ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে পারবেন। একই সঙ্গে আপনি প্রমানক হিসাবে অনলাইন দাখিলা সংগ্রহ এবং সংরক্ষণ করবেন।

বিশেষ দ্রষ্টব্য: \* পরবর্তীতে বিকাশ/ রকেট/নগদ ইত্যাদি অ্যাপে উক্ত ভূমি উন্নয়ন কর সেবাটি ইন্টিগ্রেট করলে হোল্ডিং মালিকগণ উক্ত বিকাশ/ রকেট/নগদ ইত্যাদি অ্যাপ থেকে ঘরে বসে অথবা দোকানে গিয়ে উক্ত ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে পারবেন।

\*\* সময় এবং জনগণের চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে এই সফটওয়্যারটি Customize করা হবে।